



বিধানসভা সদস্য জোরহান কে. মামদানি



এস্টোরিয়ায় COVID-19-এর প্রকপ বাড়ছে। জনসচেতনায় অ্যাসেম্বলি মেম্বার

নিজেকে আর প্রিয়জনদের সুস্থ আর
নিরাপদ রাখার কিছু উপায় এখানে
দেওয়া হলো

টিকা

• পাঁচ বছরের কম বয়েসী শিশুরাও এখন COVID-19-এর টিকা নিতে পারে!

Moderna ও Pfizer- এই দুই টিকাই FDA দ্বারা ৪ মাস থেকে ৬ বছরের শিশুদের জন্য অনুমোদিত হয়েছে।

• আপনিও আপনার দ্বিতীয় বুস্টার টিকার জন্য যোগ্য হতে পারেন

আপনার বয়স যদি 50 বছরের বেশি হয় বা আপনার রোগপ্রতিরোধ ক্ষমতা ক্ষীণ হয়, তাহলে আপনি আপনার দ্বিতীয় বুস্টার টিকা নেবার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন, যদি আপনি আপনার প্রথম বুস্টার টিকাটি নেওয়া থেকে 4 মাস অতিক্রান্ত হয়ে গিয়ে থাকে।



আপনার নিটকবর্তী টিকাকেন্দ্র সম্পর্কে জানতে, 438829 নম্বরে আপনার জিপ কোডটি টেক্সট মেসেজ করুন, অথবা 1-800-232-0233 নম্বরে কল করুন। এছাড়াও আপনি নিচের লিঙ্কে গিয়ে অনলাইনে সময় নির্ধারণ করতে পারেন: <https://vaccinefinder.nyc.gov/>

• প্রতিটি পরিবার আটটি করে COVID-19 টেস্ট করতে পারবে, বিনামূল্যে

প্রতিটি পরিবার ঘরে বসেই আটটি রেপিড এন্টিজেন টেস্ট করতে পারবে। এগুলি USPS দ্বারা তাদের কাছে পৌঁছানো হবে। ফোনের মাধ্যমে অর্ডার দিতে হলে 1-800-232-0233 নম্বরে ফোন করুন। <https://special.usps.com/testkits-এ> অনলাইনেও অর্ডার করতে পারেন। এই ওয়েবসাইটে ১৫০-র বেশি ভাষায় সাহায্য পেতে পারেন।

• বিনামূল্যে রেপিড PCR টেস্ট করা যাবে!

আপনি NYC COVID Express সাইটে গিয়ে রেপিড PCR টেস্টের জন্য সময় নির্ধারণ করতে পারেন। নমুনা সংগ্রহের ২৪ ঘণ্টার মধ্যে আপনি টেস্টের ফল জানতে পারবেন। টেস্টের সময় বেঁচে নিতে এখানে ক্লিক করুন : <https://on.nyc.gov/3Px0EIX>

• ইন্সুরেন্স বা বীমা ছাড়াই বিনামূল্যে COVID-19-এর চিকিৎসা করানো যাবে!

আপনার COVID-19-এর টেস্ট যদি পসিটিভ আসে, আপনার জন্য বিনামূল্যে চিকিৎসার সুযোগ রয়েছে। এর দ্বারা আপনি সংক্রমণ-রোধক ওষুধ এবং এন্টিবডি চিকিৎসা পেতে পারেন। এই চিকিৎসার সম্বন্ধে বিশদ জানতে আপনি নিজের ডাক্তারের সাথে কথা বলতে পারেন। আপনার যদি কোনো চেনা ডাক্তার না থাকে, তাহলে 212-268-4319-এ ফোন করে চিকিৎসার ব্যাপারে বিস্তারিত তথ্য জেনে নিন, অথবা <https://bit.ly/covidtreatmentnyc> -এ ক্লিক করুন।

• 29 আগস্ট - 2 সেপ্টেম্বরের মধ্যে আমাদের অফিসে এসে বিনামূল্যে টেস্ট নিয়ে যান

আগস্টের 29 তারিখ থেকে শুরু করে, এক সপ্তাহ ধরে আমাদের অফিসে সবার জন্য COVID-19-এর রেপিড এন্টিজেন টেস্ট পাওয়া যাবে। রোজ সকাল ১০টা থেকে বিকেল ৬টা অবধি এই সেবা চলবে। প্রথম প্রথম আসা পরিসেবিতা আমাদের ঠিকানা: 24-08 32nd St, Suite 1002A, Astoria

সাহায্য
চাই ?

COVID 19-সম্পর্কিত চাকরি বা বাসস্থানের অভাবের জন্য সাহায্য চান ? আমাদের অফিসে
এই নম্বরে ফোন করুন: 718-545-3889 বা ই-মেল করুন: ad36@nyassembly.gov.